

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সোহেলী শিরীন আহমেদ
যুগ্মসচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
সভার স্থান : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭০৮-৭১০)
তারিখ : ২৮.০১.২০২১ খ্রিস্টাব্দ
সময় : বেলা-১০.০০ ঘটিকা
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-‘ক’।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট অধিশাখা) সভাকে জানান যে, ২০২০-২১ অর্থবছরের APA অর্ধ-বার্ষিকী প্রতিবেদনের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। প্রথম অর্ধ-বার্ষিকী প্রতিবেদনের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক রয়েছে মর্মে সভায় উপস্থিত সকলে অভিমত ব্যক্ত করেন। সভায় আরো আলোচনা হয় যে, দপ্তর/সংস্থার অর্ধ-বার্ষিকী মূল্যায়ণ প্রতিবেদন পর্যালোচনার জন্য একটি সভা আয়োজন করে ফিডব্যাক প্রদান করা যেতে পারে। এ বিষয়ে যুগ্মসচিব (বাজেট অধিশাখা) সভাকে জানান যে, গত ২৯.১২.২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে এপিএমএস সফটওয়্যার বিষয়ক একটি দিনব্যাপী কর্মশালা আয়োজন করা হয়েছিল উক্ত কর্মশালায় মন্ত্রিপরিষদ বিভাগ হতে জানানো হয় ২০২১-২২ অর্থবছর হতে দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের চুক্তি এপিএমএস সফটওয়্যার এর মাধ্যমে সম্পন্ন করা হবে। যে সকল মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ এপিএ চুক্তি এপিএমএস সফটওয়্যার এর মাধ্যমে সম্পন্ন করা হবে তার তালিকা সংগ্রহ করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

০২. সহকারী প্রোগ্রামার সভাকে জানান যে, ২০২০-২১ অর্থবছরের এপিএতে বস্ত্র বিধিমালা এবং পাট বিধিমালা প্রণয়নের লক্ষ্যমাত্রা রয়েছে, এর মধ্যে বস্ত্রশিল্প (নিবন্ধন ও ওয়ানস্টপ সার্ভিস কেন্দ্র) বিধিমালা-২০২১ এর খসড়াটি মতামতের জন্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। পাট বিধিমালা চূড়ান্তকরণের লক্ষ্যে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়েছে, এবং বিশেষজ্ঞ কমিটি জানিয়েছে যে অতিদ্রুত সময়ের মধ্যে বিধিটির খসড়া চূড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। সঠিক সময়ের মধ্যে বিধিমালাসমূহ চূড়ান্ত করা হবে মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। ২০২০-২১ অর্থবছরে সূচকসমূহের বাস্তবায়নে গৃহীত কর্মপরিকল্পনা অনুসারে অবশিষ্ট বাস্তবায়নতব্য কার্যক্রমসমূহ পর্যালোচনার জন্য সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আয়োজন করা প্রয়োজন।

০৩. ২২.১২.২০২০ তারিখের সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
ক.	পাট আইন, ২০১৭ এর বিধিমালা চূড়ান্তকরণের অগ্রগতি জানতে চেয়ে সংশ্লিষ্ট শাখা-কে পত্র প্রেরণ করা;	পাট আইন, ২০১৭ এর বিধিমালা চূড়ান্তকরণের অগ্রগতি অবহিতকরণে জন্য ২৭.১২.২০২০ তারিখে পাট অধিশাখা-কে পত্র প্রেরণ করা হয়েছে।
খ.	ষান্মাসিক মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	গত ১৪.০১.২০২১ তারিখে ষান্মাসিক মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

০৪. সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক. মন্ত্রণালয়ের এপিএ টিম কর্তৃক আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধ-বার্ষিক মূল্যায়ণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করা।
খ. ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুসারে অবশিষ্ট সূচক বাস্তবায়নের লক্ষ্যে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আয়োজন করা।


০৫. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৮.০১.২০২১
(সোহেলী শিরীন আহমেদ)
যুগ্মসচিব
ও
টিম লিডার, এপিএ কমিটি
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

চলমান পাতা-০২

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১. যুগ্মসচিব (বাজেট), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. যুগ্মসচিব (বেওবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. সহকারী প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮. সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)



(খ. ম. রফিকুল ইসলাম)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৬৫৪৬

budget.motj@gmail.com